

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.০৭.০২৫.২৩ নথির বিষয়: Procurement of spare parts such as panel, battery, light and related others for solar lighting system.

নোট: ১ নোটের বিষয়: Procurement of spare parts such as panel, battery, light and related others for solar lighting system.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১০/৮/২৩ ১:১৫ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগারের ৩নং গেট হতে ইনটেক পয়েন্টের প্রবেশপথ এবং যাতায়াতের রাস্তা হিসেবে ৩নং গেট থেকে বেপারীবাড়ী মোড় হয়ে ইনটেক পয়েন্ট পর্যন্ত ৬০০ মিটার নিজস্ব রাস্তা রয়েছে। ঢাকা ওয়াসার নিজস্ব সম্পত্তি হিসেবে এটিতে ব্যক্তিগত যান চলাচল সীমিত রাখা হয়েছে এবং এর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ নিজ খরচেই করা হয়ে থাকে। অবস্থানগত কারণে রাস্তাটি তুলনামূলক নির্জন বিধায় বিশেষত সন্ধ্যার পরে যান চলাচল কমে যাওয়ায় অন্ধকারাচ্ছন্ন এই সড়কে চলাচল করা ঝুঁকিপূর্ণও বটে। প্লান্টের সকল জনবল ও যানবাহন ছাড়াও স্থানীয় জনগণ নানাবিধ প্রয়োজনে সন্ধ্যার পরেও এটি নিয়মিত ব্যবহার করে থাকেন। অন্ধকারাচ্ছন্ন থাকায় এই রাস্তা ব্যবহারকারীদের নিরাপত্তা ঝুঁকি রয়েছে। এছাড়া আনসার সদস্যগণের নিরাপত্তা টহলকালেও আলোর অভাবে কার্যকর ফলাফল পাওয়া যায়না। এমতাবস্থায়, রাস্তাটিতে রাত্রিকালীন চলাচলে প্রায়ই ছোটখাট দূর্ঘটনা এবং বিভিন্ন অপ্রীতিকর ঘটনার সম্মুখীন হতে হয়। এমতাবস্থায়, ব্যবহারকারীদের নিরাপত্তা বৃদ্ধির প্রয়োজনে রাস্তাটিতে সড়কবাতি স্থাপনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় সমগ্র রাস্তাটিকে সৌরবিদ্যুৎ চালিত সড়কবাতি স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কাজটি বাস্তবায়নের লক্ষ্যে অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ৯৯ নং ক্রমিকে (প্যাকেজ APP/23-24/G/63) একটি কাজ অন্তর্ভুক্ত করা হয়েছে (ক্রমিক নং-১ দ্রষ্টব্য)। উল্লেখ্য, স্থাপিত বাতিসমূহ সৌরবিদ্যুৎ চালিত বিধায় মাসে মাসে বিদ্যুৎ বিলের বাক্সি পোহাতে হবেনা এবং সাশ্রয়ী হবে। এছাড়া সড়কের নিরাপত্তা বৃদ্ধি পাবে ও অসামাজিক কার্যকলাপ ও অপ্রীতিকর ঘটনা রোধ করা সম্ভব হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১০/৮/২৩ ১:১৮ অপরাহ্ন

উল্লেখ্য, পদ্মা পানি শোধনাগারের ৩নং গেট হতে ইনটেক পয়েন্টের প্রবেশপথ এবং যাতায়াতের রাস্তা হিসেবে ৩নং গেট থেকে বেপারীবাড়ী মোড় হয়ে ইনটেক পয়েন্ট পর্যন্ত ৬০০ মিটার নিজস্ব রাস্তা বর্ণিত রাস্তার পানি শোধনাগারের সম্মুখ পর্যন্ত প্রতিটি ২৫ মিটার দূরত্বে ১৭টি সড়কবাতি স্থাপনের নিমিত্তে পূর্বের অনুমোদিত দর অনুসরণে একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে (ক্রমিক নং-২ ও ৩ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয় ৳.৯,৯৭,৩২২/- (টাকা নয় লক্ষ সাতানব্বই হাজার তিনশত বাইশ মাত্র)। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ৯৯ নং ক্রমিকে (প্যাকেজ APP/23-24/G/63) পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী OTM e-GP পদ্ধতিতে সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে। আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারভুক্ত।

সংযুক্তিসমূহ (৩):

- ১। ক্রয়-পরিকল্পনা 23-24.
- ২। পূর্ব-অনুমোদিত প্রাক্কলন.
- ৩। বিভাগীয় প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১০/৮/২৩ ১:১৯ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগারের প্রশাসনিক ভবনের অফিসিয়াল কাজ সূষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার স্বার্থে " Procurement of spare parts such as panel, battery, light and related others for solar lighting system." কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

- ১) কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM e-GP) তে দরপত্র আহবানের অনুমোদন।
 - ২) উপস্থাপিত দাপ্তরিক ৳.৯,৯৭,৩২২/- (টাকা নয় লক্ষ সাতানব্বই হাজার তিনশত বাইশ মাত্র) টাকার প্রাক্কলনের আর্থিক ও কারিগরি অনুমোদন।
 - ৩) উক্ত কাজের ব্যয় পদ্মা পানি শোধনাগারের ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার Water & Sewer Plant (O&M)-Goods খাত হতে বাজেট বরাদ্দের প্রশাসনিক অনুমোদন।
- উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনার আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী এই ব্যয় অনুমোদন ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারভুক্ত। সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

অনুমোদন ১.৩ - তারিখঃ ১২/৮/২৩ ১১:০০ অপরাহ্ন

Approved.




১২/৮/২৩ ১১:০০ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল


১২/৮/২৩ ১১:০০ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

অনুমোদন ১.৪ - তারিখঃ ১৩/৮/২৩ ৭:৫৬ অপরাহ্ন

অনুমোদন ১.৩ এর অনুমোদনের প্রেক্ষিতে e-GP তে দরপত্র আহবানের ব্যবস্থা করুন। দরপত্র কার্যক্রম শেষে নথিটি নিষ্পত্তি করুন।



১৩/৮/২৩ ৭:৫৬ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



৩০/৮/২৩ ১০:৩৭ পূর্বাহ্ন
মাহমুদ রিয়াদ
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

৩০/৮/২৩ ১০:৩৭ পূর্বাহ্ন
মোঃ ফরহাদ হোসেন
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার